

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫২৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ২০৪৬]

৩৭। পানীয় বস্তু (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ২৬. খেজুর ইত্যাদি খাদ্য পরিবারের লোকজনদের জন্য সঞ্চিত রাখা

بَابِ فِي اِدْخَالِ التَّمْرِ وَنَحْوِهِ مِنَ الْأَقْوَاتِ لِلْعِيَالِ

আরবী

حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الدَّارِمِيُّ، أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَسَانَ، حَدَّثَنَا سُلَيْمَانُ، بْنُ بِلَالٍ عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ، عَنْ أُبِيِّهِ، عَنْ عَائِشَةَ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " لَا يَجُوعُ أَهْلُ بَيْتٍ عِنْدَهُمْ التَّمْرُ " .

বাংলা

৫২৩১-(১৫২/২০৪৬) আবদুল্লাহ ইবনু আবদুর রহমান দারিমী (রহঃ) আযিশাহ (রাযঃ) হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে পরিবারের লোকদের নিকট খেজুর আছে, তারা অনাহার থাকে না।
(ইসলামিক ফাউন্ডেশন ৫১৬৩, ইসলামিক সেন্টার ৫১৭৫)

English

'A'isha reported Allah's Messenger (ﷺ) as saying:
A family which has dates will not be hungry.

হাদিসের শিক্ষা

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। এই হাদীসটি প্রতিটি মানুষকে তার বাড়িতে নিজের জন্য এবং নিজের পোষ্যবর্গের জীবনযাত্রার জন্য খেজুর জমা করে রাখার প্রতি উৎসাহ প্রদান করে।

২। এই হাদীসটির দ্বারা প্রমাণিত হয় যে, যে বাড়ির লোকজন খেজুর খেতে থাকবে, সে বাড়ির লোকজন ক্ষুধার্ত হবে না।

৩। ইসলাম ধর্মের পণ্ডিতগণের মধ্যে থেকে কতকগুলি পণ্ডিত (মহান আল্লাহ তাঁদের প্রতি দয়া করুন) বলেছেন: যখন কোনো সমাজের লোকজনের অবস্থা পরিবর্তিত হবে, আর সেই সমাজের প্রয়োজনীয় বিষয় এবং খাদ্যদ্রব্য খেজুর ব্যৌতীত অন্য কোনো জিনিস থাকবে, তখন সেই সমাজের জন্য এই হাদীসটি প্রযোজ নয়। যেহেতু আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এই উপদেশটি মদীনাবাসীকে প্রদান করছিলেন এবং বলেছিলেন যে, “তাদের কাছে খেজুর না থাকলে তারা ক্ষুধার্ত অবস্থায় থাকবে”। কেননা তারা তো সেই সময়ে খেজুর খাওয়ার অভ্যাসে অভ্যাসিত ছিলো। এবং খেজুরই তাদের সমাজে প্রধান খাদ্যদ্রব্য হিসেবে গণ্য করা হতো। এই পদ্ধতিতে তাঁরা এই হাদীসটির ব্যাখ্যা প্রদান করেছেন। কিন্তু এই ব্যাখ্যাটির দ্বারা মনের মধ্যে তৃষ্ণি আসছে না। কেননা এই ব্যাখ্যার দ্বারা খেজুরের সমস্ত বৈশিষ্ট্য নষ্ট হয়ে যায়। আর খেজুরকে পৃথিবীর যে কোনো সাধারণ খাদ্যদ্রব্য হিসেবে গণ্য করা হয়। এই বিষয়ে মহান আল্লাহই অধিক জানেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

⌚ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=52316>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন